গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং-৩৪.০০.০০০০.০৪৩.১৬.১৩৮.১৭ (অংশ-১). ৭৭২

তারিখঃ ২৫ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ
০৮ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: ২০১৮-২০১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩য় কোয়ার্টারের (জানুয়ারি-মার্চ, ২০১৯) পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং-০৪.০০.০০০০.৮২২.১৪.০০৪.১৮.২১০ (১), তারিখ: ০৩.১০.২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে ২০১৮-২০১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩য় কোয়ার্টারের (জানুয়ারি-মার্চ, ২০১৯) পরিবীক্ষণ প্রতিবেদন এবং "নৈতিকতা কমিটি" সভার কার্যবিবরণী নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্ত: ০৭ (সাত) পাতা।

০৮/০৪/২০১৯
(সেলিনা আক্তার)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৫৬১
ই-মেইল:csmoys66@gmail.com

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
দৃ:আ: উপসচিব, প্রশাসনিক সংস্কার অধিশাখা
সরকারি পরিবহন পুল ভবন, আব্দুল গনি রোড, ঢাকা।

অনুলিপিঃ

১। ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে শুদ্ধাচার বক্সে আপলোড করার অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

বিষয় : যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	:	ড. মোঃ জাফর উদ্দীন ভারপ্রাপ্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
তারিখ	:	০৭ এপ্রিল, ২০১৯ খ্রি:
সময়	:	সকাল-১০:০০ ঘটিকা
স্থান	:	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা: পরিশিষ্ট 'ক'।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব (সমন্বয়) গত ১০ জানুয়ারি ২০১৯ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সভাপতি মন্ত্রণালয়সহ সকল দপ্তর/সংস্থার সেবা প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য নৈতিকতার চর্চা অব্যাহত রাখার বিষয়ে গুরুত্বারোপ করেন। মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাসমূহকে ইতোপূর্বে প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সর্বাধিক গুরুত্ব সহকারে বাস্তবায়ন করতে হবে মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন। তিনি বিগত ১০-০১-২০১৯ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। অত:পর যুগ্মসচিব (সমন্বয়) মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯-এর তৃতীয় কোয়ার্টারের (জানুয়ারি-মার্চ, ২০১৯) প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।

০২। যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে জ্বালানির কোন বিল বকেয়া নেই। মন্ত্রণালয়ের কর্মচারিদেরকে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে অবহিত করার জন্য ৬০ ঘন্টা প্রশিক্ষণে তা প্রশিক্ষণের পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। জাতীয় ক্রীড়া পরিষদের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, জাতীয় ক্রীড়া পরিষদের বাজেট স্বল্পতার জন্য শতভাগ বিদ্যুৎ, পানি ও জ্বালানি বিল পরিশোধ করা সম্ভব হচ্ছে না।

০৩। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার সকল নথির শ্রেণিবিন্যাসকরণের কার্যক্রম মে/২০১৯ এর মধ্যে সম্পাদন ও বাস্তবায়ন করতে হবে।

(খ) জাতীয় ক্রীড়া পরিষদের বিদ্যুৎ, পানি ও জ্বালানির সকল বকেয়া বিল অবশ্যই মে/২০১৯ এর মধ্যে পরিশোধ করতে হবে।

(গ) প্রতি মাসের সমন্বয় সভায় এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের অফিসসমূহের সাথে স্কাইপে/ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে চলমান কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা করতে হবে। মন্ত্রণালয়ের যুব অনুবিভাগ ও ক্রীড়া অনুবিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।

চলমান পাতা/০২

(ঘ) জাতীয় ক্রীড়া পরিষদ, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া পরিদপ্তরকে এপ্রিল/২০১৯ এর মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন বিষয়ে কর্মশালার আয়োজন করতে হবে। বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারিগণ জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক আয়োজিত কর্মশালায় অংশগ্রহণ করবেন।

(ঙ) ২০১৮-২০১৯ অর্থ-বছরে শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত যুগ্মসচিব (ক্রীড়া)-কে আহ্বায়ক এবং উপসচিব (প্রশাসন)-কে সদস্য-সচিব ও উপসচিব (সমন্বয়)-কে সদস্য করে ০৩ সদস্যবিশিষ্ট একটি বাছাই কমিটি গঠন করতে হবে। মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।

(চ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-২০১৯ এর ৩.২ কার্যক্রমে "যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) আইন, ২০১৫ যুগোপযোগীকরণ" এর পরিবর্তে "বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ, ১৯৮৩ যুগোপযোগীকরণ" অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(ছ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রস্তুতকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯-এর তৃতীয় কোয়ার্টারের (জানুয়ারি-মার্চ/২০১৯) প্রতিবেদন জরুরিভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

০৪। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৭/৪/২০১৯

(ড. মোঃ জাফর উদ্দীন)
ভারপ্রাপ্ত সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-২০১৯
৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০১৯) প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের নাম: **যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।**

কার্যক্রমের নাম	কর্মসম্পাদন সূচক	সূচকের মান	একক	বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ	২০১৮-২০১৯ অর্থবছরের লক্ষ্যমাত্রা	বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০১৮-২০১৯							মন্তব্য
						লক্ষ্যমাত্রা/অর্জন	১ম কোয়ার্টার	২য় কোয়ার্টার	৩য় কোয়ার্টার	৪র্থ কোয়ার্টার	মোট অর্জন	অর্জিত মান	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৪	১৫
১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা..................................১১													
১.১ নৈতিকতা কমিটির সভা	অনুষ্ঠিত সভা	৪	সংখ্যা	ফোকাল পয়েন্ট	০৪	লক্ষ্যমাত্রা	০১	০১	০১	০১			
						অর্জন	০১	০১	০১				
১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	বাস্তবায়িত সিদ্ধান্ত	৪	%	সকল অনুবিভাগ	১০০%	লক্ষ্যমাত্রা	১০০%	১০০%	১০০%	১০০%			
						অর্জন	১০০%	১০০%	১০০%				
১.৩ স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ	সেবাবক্স হালনাগাদকৃত	১	তারিখ	আইসিটি শাখা	৩১/০৭/২০১৮ ৩১/১০/২০১৮ ৩১/০১/২০১৯ ৩১/০৩/২০১৯	লক্ষ্যমাত্রা	৩১/০৭/১৮	৩১/১০/১৮	৩১/০১/১৯	৩১/০৩/১৯			
						অর্জন	৩১/০৭/১৮	৩১/১০/১৮	৩১/০১/১৯				
১.৪ উত্তম চর্চার (best practice) তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	উত্তম চর্চার তালিকা প্রেরিত	২	তারিখ	সকল অনুবিভাগ	৩১/০৩/২০১৯	লক্ষ্যমাত্রা	-	-	৩১/০৩/১৯				উত্তম চর্চার তথ্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। (তারিখঃ ৩০ আগস্ট ২০১৮)
						অর্জন	-						
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন...............................৭													
২.১ অংশীজনের (stakeholder) অংশগ্রহণে সভা	অনুষ্ঠিত সভা	২	সংখ্যা	সকল অনুবিভাগ	০৪	লক্ষ্যমাত্রা	০১	০১	০১	০১			
						অর্জন	০১	০১	০১				
২.২ কর্মকর্তা-কর্মচারিদের অংশগ্রহণে নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২; সরকারি কর্মচারি আচরণ বিধিমালা ১৯৭৯ এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪ সম্পর্কে সচেতনতা বৃদ্ধিমূলক সভা/প্রশিক্ষণ আয়োজন	অংশগ্রহণকারী/প্রশিক্ষণার্থী	৩	সংখ্যা	যুগ্ম-সচিব (প্রশাসন)	৪৫	লক্ষ্যমাত্রা	-	১৫ জন	১৫ জন	১৫ জন			
						অর্জন	-	১৫ জন	১৫ জন				
২.৩ জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা-কর্মচারিদের প্রশিক্ষণ প্রদান	প্রশিক্ষণার্থী	২	সংখ্যা	যুগ্ম-সচিব (প্রশাসন)	৬০	লক্ষ্যমাত্রা	১৫	১৫	১৫	১৫			
						অর্জন	১৫	১৫	১৫				
৩. শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল প্রণয়ন/সংস্কার/হালনাগাদকরণ ও প্রজ্ঞাপন/পরিপত্র জারি............১০													
৩.১ জাতীয় ক্রীড়া নীতি যুগোপযোগীকরণ	অনুষ্ঠিত সভা	০৪	সংখ্যা	যুগ্ম-সচিব (ক্রীড়া)	২	লক্ষ্যমাত্রা	-	৩১/১২/১৮	-	৩০/০৬/১৯			২টি সভা হয়েছে।
						অর্জন		অর্জিত					
৩.২ বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ, ১৯৮৩ যুগোপযোগীকরণ	অনুষ্ঠিত সভা	০৪	সংখ্যা	যুগ্ম-সচিব (সমন্বয়)	২	লক্ষ্যমাত্রা	-	৩১/১২/১৮	-	৩০/০৬/১৯			২টি সভা হয়েছে।
						অর্জন		অর্জিত					